উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা
:-নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২-২২২

তারিখঃ ১২.০৩.২০২৩ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের মাচ/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আগামী ১৫ মাচ ২০২৩ খ্রি: রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। স্থায়ী কমিটি গঠন সংক্রান্ত আলোচনা।
০৫। হাট-বাজার বিষয়ে আলোচনা।
০৬। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৭। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৮।বিবিধ আলোচনা।

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২- ২২২

তারিখঃ ১২.০৩.২০২৩ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক,নেত্রকোণা।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর মার্চ ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ঃ ১৫ মার্চ ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

উপজেলা পরিষদ সভার সভাপতি চেয়ারম্যানবৃন্দ ও সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর অদ্যকার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের সমন্বয়ে এডিপি পিআইসি এবং উন্নয়ন পিআইসি সহ মোট ১৪৬টি প্রকল্প গত মাসের মাসিক সমন্বয় কমিটির সভায় অনুমোদন হয়েছে। এই ১৪৬টি প্রকল্প সরেজমিনে পরিদর্শন পূর্বক Drawing design ও প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে। সভায় উপজেলা প্রকৌশলী আশা প্রকাশ করেন যে এপ্রিল মাসের প্রথম সপ্তাহে দরপত্র আহ্বান করা হবে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি রবি মৌসুমে ২০৭১০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে যার মধ্যে হাইব্রিড ৩২০০ হেক্টর, উফশী ১৭৪৯০ হেক্টর, স্থানীয় ২০ হেক্টর। এছাড়া ৭৬০ হেক্টর জমিতে সবজি, ২২০ হেক্টর জমিতে মরিচ, ৯৬ হেক্টর জমিতে গম, ২৯৫ হেক্টর জমিতে আলুসহ বিভিন্ন রবি শস্য চাষ হয়েছিল যা ইতোমধ্যে কর্তন শেষ হয়েছে। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটনিং কাজ চলমান এবং কোন প্রকার সংকট নেই। এছাড়া সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকী মুল্যে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে আগ্রহী কৃষকের নিকট হতে আগামী ২৭.০৩.২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত আবেদন সংগ্রহের কাজ চলমান।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি রবি মৌসুমে ব্রিধান ৫৮, ব্রিধান ৭৪, ব্রিধান ৮১, ব্রিধান ৮৪, ব্রিধান ৮৮, ব্রিধান ৮৯, ব্রিধান ৯৬, বঙ্গবন্ধু ধান ১০০ এবং বোরো হাইব্রিড ধান SL8H, এসিআই-১, এসিআই -২, ফলন, তেজ গোল্ড ও সুবর্ণ-৩ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে এবং প্রকল্পের সিআইজি সমিতি কার্যাক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>০৩.কৃষি প্রণোদনা কার্যাক্রম: ২০২২-২৩ অর্থ বছরে কৃষি প্রণোদনা কার্যাক্রমের আওতায় ক্ষুদ্রও প্রান্তিক কৃষকের মাঝে ৫৫০ জনকে আউশ ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ এবং ৫০০ জনকে বিনামূল্যে পাট বীজ বিতরণ করা হয়েছে। তাছাড়া অফিসের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কাজ যথারীতি ভাবে চলমান। ১)আউটডোরে গত মাসে ৪৭৫৮ চিকিৎসা সেবা গ্রহণ করেছে। ২) জরুরি বিভাগে ৯২৩ জন এবং ইনডোর বিভাগে ৫৪৩ জন চিকিৎসা সেবা গ্রহণ করেছে। ৩) NCD corner এ অসংক্রামক রোগ যেমন হাইপারটেনশন, ডায়াবেটিস এবং রোগের সেবা কার্যাক্রম শুরু হয়েছে। ৪) মাঠ পর্যায়ে ইপিআই চলমান রয়েছে। ৫) টিকা স্বল্পতায় কোভিড-১৯ টিকা কার্যাক্রম সাময়িক স্থগিত রয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, প্রাণিসম্পদ সেবা সপ্তাহ -২০২৩ উপলক্ষে দুটি এতিমখানায় সকল ছাত্রছাত্রীদের ডিম ও একটি সরকারি প্রাথমিক স্কুলে দুধ পান করানো হয়। অত্র দপ্তরের ২টি পুরাতন বিল্ডিং উপজেলা প্রকৌশলী কর্তৃক নির্ধারিত প্রাক্কলন মূল্য ৪৮৬৫০ টাকা। ভবনগুলো অপসারণের জন্যে সভায় উপস্থাপন করেন। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নীতিমালা মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার পক্ষে, একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, অফিসের কাজ স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৬. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। জাতীয় শিক্ষা সপ্তাহ পালন: ১২-১৪ মার্চ ২০২৩ জাতীয় শিক্ষা সপ্তাহ অত্র উপজেলায় বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। অত্র উপজেলার দুলাইন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০১৯ সালের ২ জন শিক্ষার্থী এবং ২০২৩ সালের ২ জন শিক্ষার্থী জাতীয় পর্যায়ে প্রথম স্থান অর্জন করে মাননীয় প্রধান মন্ত্রীর হাত থেকে জাতীয় শিক্ষা পদক গ্রহণ করেন। জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে জেলা পর্যায়ে অত্র উপজেলার শিক্ষা মেলার স্টল স্থাপন করা হয় এবং বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করা হয়।<br>২। ল্যাপটপ বিতরণ: অত্র উপজেলার ১৮১টি বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত ১৮১টি ল্যাপটপ মাননীয় জাতীয় সংসদ সদস্য, কেন্দুয়া, আটপাড়া মহোদয়ের উপস্থিতিতে ১২.০৩.২০২৩ খ্রি: তারিখে বিতরণ করা হয়।<br>৩। ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা: ইতিমধ্যে অত্র উপজেলার বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা/কাবিখা এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ টি আর কর্মসূচির আওতায় গৃহীত ও অনুমোদিত প্রকল্প সমূহের কাজ চলমান রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সমূহের কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করনের লক্ষ্যে হেরিং বোন বন্ড এইচবিবি করণ প্রকল্পের আওতায় ১ কিলোমিটার রাস্তার কাজ চলমান।<br>২০২২-২৩ অর্থ বছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান (২য় পর্যায়) কর্মসূচির কাজ চলমান রয়েছে। প্রকল্প পরিদর্শন করে বিল প্রদান করা হবে। অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউপি |
| ৮. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা সমাজসেবা কার্যালয় এর বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের মৃত্যু ও নিরোদ্দেশ এর রেজুলেশনসহ প্রতিস্থাপিত নামের তালিকা অফিসে জমা হয়েছে এবং প্রতিস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় বরাদ্দ দিয়েছে ১৬২৫ জনের । বরাদ্দের প্রেক্ষিতে এবং ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি মার্চ ২০২৩ ডিও চিঠি দেওয়া হয়েছে। এবং মাসিক সঞ্চয় ২২০/- টাকা হারে বলা হয়। মা ও শিশু ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে। চলমান আবেদন অনলাইনে করা হচ্ছে। যাহা চলমান রয়েছে। মা ও শিশু পৌরসভা ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে এবং আবেদন চলমান রয়েছে। (wtc) সেলাই এমব্রডারী প্রশিক্ষন সেন্টার ৩০ জন এর পরিবর্তে ১০ জন প্রশিক্ষনার্থীর কাজ চলমান। কিশোর কিশোরী ক্লাব ১৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা মোট ১৪টি ক্লাবে সংগীত ও আবৃত্তি ক্লাস চলমান আছে। আইজিএ প্রশিক্ষণ ট্রেড বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ কাজ সাময়িকভাবে বন্ধ আছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ১২. | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া সভায় জানান যে, আমরা সকলেই রাশিয়া এবং ইউক্রেন এর মধ্যকার যুদ্ধ সম্পর্কে অবগত আছি, এই যুদ্ধের প্রভাব পুরো বিশ্বজুড়ে পরেছে, বাংলাদেশ ও এর ব্যাতিক্রম নয়। এই যুদ্ধের ফলে বিশ্বজুড়ে জ্বালানির তীব্র সংকটে পরেছে। স্পট মার্কেটে জ্বালানির দাম প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে, যেহেতু আমাদের পাওয়ার জেনারেশন | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এলএনজি/ডিজেল নির্ভর তাই আমাদের পাওয়ার জেনারেশনে এই জ্বালানির মূল্য ব্যাপক প্রভাব বিস্তার করেছে। যার ফলে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হচ্ছেনা। এই সংকট মোকাবেলায় রেশনিং এর মাধ্যমে গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আসন্ন রমজান এবং গ্রীষ্ম মৌসুমে লোডশেডিং বাড়তে পারে, এই জন্য সকলকে মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। এই সংকট মোকাবেলায় আপনারা সকলেই ধৈর্য ধারণ করে আমাদের সাহায্য করবেন এই মর্মে মতামত ব্যক্ত করেন। | | |
| ১৩. | উপজেলা খাদ্য অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেন্দুয়া, সভায় জানান যে, কেন্দুয়া পৌরসভায় ০৩টি খোলাবাজারে চাল এর দোকান কাজ চলমান এবং খাদ্য বান্ধব কর্মসূচির ১৩টি ইউনিয়নের ২৬ জন ডিলারের মাধ্যমে চাল বিক্রির কাজ সম্পন্ন করা হয়েছে। আগামী এপ্রিল/২৩ মাসে খাদ্য বান্ধব কার্যাক্রম শুরু হবে। উপজেলার অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেন্দুয়া |
| ১৪. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলায় মোট জনসংখ্যাঃ ৩,৪০,২১৬ জন তার মধ্যে পুরুষ- ১৭৩০১৯ এবং মহিলা- ১৬৭১৯৭ জন। উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৮, উপজেলার মোট সক্ষম স্পতি: ৬০০৪০। মোট গ্রহণকারী ৪৭০০৬ খাবার বড়ি গ্রহণকারী ২৭৩২৯ হার ৪৫.৫১%। ইনজেকটেবলস গ্রহণকারী ৬১৮৩ হার ১০.২৯%। কনডম গ্রহণকারী ১৯৬১ হার ৩.২৬%। আই ইউ ডি গ্রহণকারী ১৫০৪ হার ২.৫০%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩৭২৪ হার ৬.২০%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২০৮৯ জন হার ৩.৪৭%। মহিলা ৪২১৬ জন হার ৭.০২%। সর্বমোট গ্রহণকারী ৪৭০০৬ জন হার ৭৮.২৯%। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৫. | চেয়ারম্যান বলাইশিমুল ইউপি | চেয়ারম্যান, বলাইশিমুল ইউপি সভায় বলেন, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের অনেকের টাকা মোবাইল ফোনে গেছে। আবার অনেকের টাকা যায় নি। বিষয়টি দেখার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। গন্ধরপুর ব্রিজের খালটি দেখার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৬. | চেয়ারম্যান গড়াডোবা ইউপি | চেয়ারম্যান গড়াডোবা ইউপি সভায় জানান যে, নওপাই বিলে বুরো মৌসুমে ধান লাগাতে সমস্যা হয়। বিলের পানি উঠে ধান তলিয়ে যায়। গন্ডা এবং গড়াডোবা ২ ইউনিয়নের জমি তলিয়ে যায়। পানি নিষ্কাশনের জন্য মাটি কাটা দরকার। গন্ডা ইউনিয়নের খালটি দিয়ে পানি নিষ্কাশনের ব্যবস্থা করলে ফসলের জন্য অনেক ভালো হবে। খালটি সরেজমিনে পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |
| ১৭. | চেয়ারম্যান মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় জানান যে, পূর্বের কাজ এখনও বাকী রয়েছে। মিলন বাসস্ট্যান্ড হতে আদমপুর রাস্তাটির কাজ দ্রুত শেষ হওয়ার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ১৮. | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, উপজেলার সামনের রাস্তাটি খুব গুরুত্বপূর্ণ। রাস্তাটি মাহমুদপুর গিয়ে শেষ হয়েছে। রাস্তাটির অবস্থা ভয়াবহ। প্রায়ই দুর্ঘটনা হচ্চে। দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করেন। বানিয়াঘাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজটি টেন্ডার হয়েছে। ২টি গাছ আছে। এগুলোর মূল্য নির্ধারণ সহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব রাখেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১৯. | চেয়ারম্যান চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় জানান যে, আসন্ন রমজানে সেহরি, তারাবি, ইফতারের সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ রাখার জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদ হতে মাহমুদপুর রাস্তায় প্রায়ই দুর্ঘটনা হয়। রাস্তাটির দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করেন। টিসিবি কিছু লোক এলাকায় নাই তাদের নাম পরিবর্তন করে নতুন নাম নেওয়ার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |
| ২০. | চেয়ারম্যান, গন্ডা ইউপি | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাস্তায় হেয়ারিং বন্ডের কাজ হয়েছিল। ১ বছর হয়ে গেল কাজ বন্ধ। গন্ডা হতে আঠারবাড়ী ৪ কি/মি রাস্তার কাজ অনেকদিন ধরে বন্ধ রয়েছে। রাস্তাটির অবস্থা খুবই খারাপ। কাজটি দ্রুত শেষ করার জন্য সভায় প্রস্তাব রাখেন। বর খালে অনেক জমি পানিতে তলিয়ে যাবে। খালের কার্যাক্রম অনুপযোগী। পুকুর | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি কর্মকর্তা, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করাতে হাজার হাজার জমি পানিতে তলিয়ে যাবে। সরেজমিন তদন্ত করে ব্যবস্থা নেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। | | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২১. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় জানান যে, পরিষদ ভবন রিপেয়ারিং এর একটি চিঠি পেয়েছেন। ইউনিয়ন পরিষদের কাজটি শেষ করার জন্য সভায় প্রস্তাব রাখেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| ২২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ডেপুটি জেনারেল ম্যানেজার, নেত্রকোণা, পল্লী বিদ্যুৎ সমিতি কেন্দুয়া জোনাল অফিস, নেত্রকোণা কর্তৃক ১২.০৩.২০২৩ ইং তারিখের ২৭.১২.৭২০০.৫৪৫.৫৫.০০৭.২০২৩-০০৬/১০০০ এর বিপরীতে জুলাই/২২ পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ ৪,২১,৫৩০/- টাকা বকেয়া রয়েছে পত্রে উল্লেখ করেন। উল্লেখিত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করে সরকারী রাজস্ব আদায় কার্যাক্রমে সহযোগিতা করার জন্য পত্রে বিশেষভাবে অনুরোধ করেন।<br>তিনি আরও বলেন যে, বিদ্যুৎ বিল পরিশোধে সচেতন হওয়ার জন্য সরকারি ভাবে রেডিও টিভিসহ বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারণার চালিয়ে যাচ্ছে।<br>এমতাবস্থায়, ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া জোনাল অফিস নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিষদের মিটার নং-০০৬/১০০০ এর বিপরীতে জুলাই/২২ পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৪,২১,৫৩০/- টাকা পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |
| বিবিধ-১ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) জনাব মো: সোহেল মিয়া, পিতা-মৃত আবুল হোসেন, গ্রাম-সোহাগপুর, কেন্দুয়াকে আর্থিক সাহায্য বাবদ ৫,০০০/- টাকা চেক নং-৬২০৫০১৫ তারিখ: ০৬.০৩.২০২৩ মূলে প্রদান। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ১৫ মার্চ ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-২৩৪
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

১৫/০৩/২০২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ১৫ মার্চ ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-২৩৪
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

১৫/০৩/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা